

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৩৯

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

## আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: عَمَّمَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَدَلَهَا بَيْنَ يَدَيَّ وَمِنْ خَلْفِي. رَوَاهُ أَبُو دَاوُدَ

### বাংলা

৪৩৩৯-[৩৬] 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার পাগড়ী বেঁধে দিলেন এবং তার একদিক আমার সামনে অপরদিক পিছনে ঝুলিয়ে দিলেন। (আবু দাউদ)[1]

# ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৪০৭৯, শু'আবুল ঈমান ৬২৫৩, মুসনাদে আবূ ইয়া'লা ৮৫০।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''সুলায়মান ইবনু খর্রাবৃয'' নামের এক বর্ণনাকারী, তাকরীরের মধ্যে ইবনু হাজার আল 'আস্কালানী (রহিমাহুল্লাহ) বলেনঃ সে মাজহূল। ইমাম যাহাবী বলেনঃ তাকে চেনা যায় না। আল জারহু ওয়াত্ তা'দীল (জাওয়ামিউল কালিম সফ্টওয়্যার)। এ ছাড়াও আরেকজন বর্ণনাকারী আছে শায়খুন মিন আহলিল মদীনাহ্। যার পরিচয় জানা যায়নি। দেখুন- তুহফাতুল আহওয়াযী ৫/৩৩৭ পৃঃ, ১৭৩৬ নং হাদীসের আলোচনা দ্রঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনেক সময়ই সাহাবীদের মাথায় নিজ হাতে পাগড়ী বেঁধে দিতেন। 'আবদুর রহমান ইবনু 'আওফকে তিনি নিজ হাতে পাগড়ী বেঁধে দেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার মাথায় পাগড়ী বেঁধে পাগড়ীর একপ্রান্ত সামনের দিকে এবং অপরপ্রান্ত পিছনের দিকে ঝুলিয়ে



## দিতেন।

মীরাক (রহিমাহুল্লাহ) বলেনঃ আবৃ দাউদ, মুসান্নাফ প্রমুখ মুহাদ্দিস মদীনার শায়খ থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, আমি 'আবদুর রহমান ইবনু 'আওফ-কে বলতে শুনেছি, তিনি বলেছেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার মাথায় পাগড়ী বেঁধে দেন, তিনি পাগড়ীর একপ্রান্ত আমার সামনের দিকে এবং অপরপ্রান্ত পিছনের দিকে ঝুলিয়ে দেন।

ইবনু আবূ শায়বাহ্ (রহিমাহুল্লাহ) তাঁর 'মুসান্নাফ' গ্রন্থে 'আলী (রাঃ) থেকে বর্ণনা করেন, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মাথায় পাগড়ী পরিয়ে দেন এবং তার দুই প্রান্ত কাঁধের উপর ঝুলিয়ে দেন।

সীরাত গ্রন্থসমূহে বিশুদ্ধ বর্ণনায় উল্লেখ আছে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো কখনো পাগড়ীর প্রান্ত দুই কাঁধের উপর ঝুলিয়ে রাখতেন আবার কখনো প্রান্তদেশ ঝুলানো ছাড়াই পাগড়ী পরিধান করতেন। এ কথা থেকে জানা যায় যে, এসব কাজের সবই সুন্নাত। (মিরক্লাতুল মাফাতীহ; 'আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ১৭৮১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন